গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন সংক্রান্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মো: হামিদুল হক, পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ১৭ এপ্রিল ২০২২
সময় : বিকাল ২:৩০ ঘটিকা
জুম আইডি : 4016395771
পাসকোড : dpeimd

**আলোচ্য বিষয়:**

১। মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৩য় ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক;

২। আওতাধীন দপ্তর/সংস্থা ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত আলোচনা;

৩। বিবিধ।

(সভার হাজিরা সংশ্লিষ্ট ছবি পরিশিষ্ট-ক)

সভাপতি ও পরিচালক (প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় সকল বিভাগীয় উপপরিচালক ও কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যথাসময়ে সংযুক্ত হওয়ায় সভাপতি তাঁদের ধন্যবাদ জ্ঞাপন করেন। বিভাগীয় উপপরিচালকগণ কর্তৃক প্রেরিত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে নির্দেশনা দিলে তিনি তা উপস্থাপন করেন। কার্যক্রমগুলো নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৩য় ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক; | বিভাগীয় উপপরিচালকগণ যথাসময়ে ৩য় ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন (জানুয়ারি-মার্চ ২০২২) প্রেরণ করেছেন মর্মে সভায় অবহিত করা হয়। সভায় সকল বিভাগের অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করা হয়। প্রতিবেদন মোতাবেক বিভাগ পর্যায়ের যে সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করা হয়নি সেগুলো বাস্তবায়নের নিমিত্ত আলোচনা করা হয়। ৮টি বিভাগের কার্যক্রম বিশ্লেষণপূর্বক নিম্নে উল্লেখযোগ্য কার্যক্রমগুলো উপস্থাপন করা হলো: | বিভাগ পর্যায়ের ৩য় ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত ফিডব্যাক সভার নির্দেশনা মোতাবেক অগ্রগতির প্রতিবেদন পরিমার্জন করে আগামী ২৪/০৪/২০২২ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে এবং স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |

| বিভাগের নাম | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি ও নির্দেশনা |
|---|---|---|---|
| ঢাকা | কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% বাস্তবায়িত | প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। |
| রাজশাহী | ১.৬ ক্রমিকের কার্যক্রম সংক্রান্ত তথ্য সরকারি ছুটি জনিত বিলম্বে আপলোড করা হয়েছে। ২.২ ক্রমিকে অর্জনের ঘর পূরন করা হয়নি। | লক্ষ্যমাত্রা অর্জনে সকল সূচক পূরণ করা আবশ্যক | লক্ষ্যমাত্রা অর্জনে সকল কার্যক্রমে অগ্রগতি লিপিবদ্ধ করতে হবে। লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে নির্ধারিত তারিখে অফিস বন্ধ থাকলে নির্দিষ্ট তারিখের পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রমানকসমূহ নিজ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | খুলনা | সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়িত। | ১০০% বাস্তবায়ন | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | বরিশাল | ১.৪ ক্রমিকের লক্ষ্যমাত্রা ও অর্জন নির্ধারণ সঠিক হয়নি। | লক্ষ্যমাত্রা ও অর্জন ১ম ত্রৈমাসিকে সংশোধন আবশ্যক | লক্ষ্যমাত্রা সঠিকভাবে নির্ধারণ করতে হবে। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | রংপুর | ১.৩ ক্রমিকের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সংখ্যায় লিপিবদ্ধ করা হয়নি। | লক্ষ্যমাত্রা অর্জনের ছকে তথ্য সংশোধন আবশ্যক | ১.৩ অর্জনের ঘরে বাস্তবায়ন অগ্রগতি লিপিবদ্ধ করতে হবে। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | সিলেট | কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% বাস্তবায়িত | প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | চট্টগ্রাম | কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% বাস্তবায়িত | প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | ময়মনসিংহ | কর্মপরিকল্পনা মোতাবেক সকল | ১০০% বাস্তবায়িত | প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। প্রমানক নিজ | |

| | | | |
|---|---|---|---|
| | | কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। \| দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| ২ | আওতাধীন দপ্তর/সংস্থা ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত আলোচনা; | আগামী ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা করা হয়। কর্মপরিকল্পনা প্রণয়নের সময় অবশ্যই মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রদত্ত নির্দেশনা ও ছকে দপ্তর/সংস্থা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে মর্মে সভাপতি বিভাগীয় উপপরিচালকগণকে নির্দেশনা প্রদান করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত ছকে ক্রমিক নং ৩.২ এ নির্ধারিত স্ব স্ব সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) এর ক্ষেত্রে সকল জেলা ও বিভাগে অভিন্ন সিটিজেনস্ চার্টার প্রণয়ন করা আবশ্যক মর্মে বিভাগীয় উপপরিচালক, ময়মনসিংহ সভায় প্রস্তাব করেন। অন্যান্য উপপরিচালকগণ এ বিষয়ে একমত পোষণ করেন। ক্রমিক নং ৩ এ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম ০৫টি কার্যক্রম একই ধরণের রাখা যেতে পারে মর্মে বিভাগীয় উপপরিচালক, চট্টগ্রাম সভায় প্রস্তাব করেন। সেক্ষেত্রে প্রত্যেক বিভাগীয় উপপরিচালক চলমান কার্যক্রমগুলোর সাথে সংগতিপূর্ণ দুর্নীতি প্রতিরোধে সহায়ক কমপক্ষে ০৫টি করে কার্যক্রমের তালিকা আগামী ২৪/০৪/২০২২ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়। | ক্রমিক নং ৩.২ এ নির্ধারিত স্ব স্ব সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) আগামী অর্থবছরে সকল জেলা ও বিভাগে একই আদলে প্রণয়ন করা হবে। উপজেলা/জেলা/বিভাগীয় অফিসের সিটিজেনস্ চার্টার প্রণয়ন করে অনুমোদনের নিমিত্ত জুলাই/২০২২ মাসের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।<br>ক্রমিক নং ৩ এ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক ন্যূনতম ০৫টি কার্যক্রমের তালিকা আগামী ২৪/০৪/২০২২ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |
| ৩ | বিবিধ | বিবিধ বিষয়ে আলোচনায় সভাপতি, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রমসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নে আরো সচেষ্ট হওয়ার জন্য বিভাগীয় উপপরিচালকদের নির্দেশনা প্রদান করেন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে ৪র্থ ত্রৈমাসিকে সকল কার্যক্রম শতভাগ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন। | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা (২০২১-২০২২) এর কার্যক্রমসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |

24-8-2022

মো: হামিদুল হক
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫৭৪৮২৯
ই-মেইল: diradmindpe@gmail.com

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৩.২১ (পার্ট-২)- ৮২

তারিখ: ০৫ বৈশাখ, ১৪২৯
১৮ এপ্রিল, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ/ সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোডের অনুরোধসহ)।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল) জেলা।
৪। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা।
৫। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-৪ এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালকমহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি।

24/8/2022

মো: বাহারুল ইসলাম
উপপরিচালক (সংস্থাপন) অ: দা: